## ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের এপ্রিল/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব এন. এম. আবদুল্লাহ-আল-মামুন
প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার তারিখ : ২৯.০৪.২০২৫ খ্রিস্টাব্দ
সভার সময় : বেলা ০৩:৩০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা শুরু করেন। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউপি প্রশাসককে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা প্রকৌশলী বিভাগ: উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) এবং উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের প্রকল্পের তালিকা পাওয়া গেছে। টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে। এছাড়াও অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, গত মার্চ/২৫ইং মাসে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি আধুনিক ডেন্টাল ইউনিটের উদ্বোধন করা হয় যার ফলশ্রুতিতে গফরগাঁও উপজেলাবাসী দীর্ঘদিনের কাঙ্খিত দাতের সেবা পাবে। অন্যদিকে শিশু পরিচর্যা এবং সেবার জন্য একটি নতুন আলাদা শিশু ওয়ার্ড উদ্বোধন করা হয়। গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গত মার্চ/২০২৫খ্রি. মাসে আউটডোরে ১৫৩৫০ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে, ইমার্জেন্সীতে ২৬৪৫ জন রোগীকে ইমার্জেন্সী সার্ভিস দেওয়া হয়েছে এবং ইনডোরে ১০৭০ জন রোগী ভর্তি ছিলেন এবং পরবর্তীতে ছাড়পত্র নিয়ে সুস্থ্য হয়ে বাড়ি ফিরেছেন। গত মাসে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্যাথলজিক্যাল পরীক্ষা নিরীক্ষা করা হয়েছে ৪৪১জন রোগীকে, আল্টাসনোগ্রামে ২৫১ জন রোগীকে, এক্সরে বিভাগে সেবা প্রদান করা হয়েছে ২২৫ জন রোগীকে, ইসিজি সেবা প্রদান করা হয়েছে ১২৫ জন রোগীকে। গত মাসে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আইএমসিআই বিভাগে ১৯৫০ জন শিশু রোগীকে সেবা প্রদান করা হয়েছে । গত মার্চ/২০২৫ইং গফরগাঁও উপজেলা স্বাস্থ্য বিভাগের ৫৩টি কমিউনিটি ক্লিনিকে ২৬৫১৩ জন সাধারন রোগীকে সেবা প্রদান করা হয়েছে এবং ১৮৩৩ জন শিশু রোগীকে সেবা প্রদান করা হয়েছে। কমিউনিটি ক্লিনিক থেকে প্রসবপূর্ব, প্রসবোত্তর এবং পরিবার পরিকল্পনামিলিয়ে সেবা প্রদান করা হয়েছে ১০৮৮ জনকে। গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ফেব্রুয়ারি/২৫ ইং মাসে ০২টি সিজারিয়ান অপারেশন সম্পন্ন করা হয়েছে এবং ৫৫ জন রোগী নরমাল ডেলিভারী সেবা পেয়েছেন। সীমিত সাধ্যের মধ্যে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য বিভাগের রোগীদের সার্বিক সেবা দানের জন্য আমরা সর্বদা অঙ্গীকারবদ্ধ। এছাড়াও অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | ১। হাসপাতালে রোগীদের সেবার মান বৃদ্ধি করতে হবে।<br>২। দালাল এবং ব্যক্তিমালিকানাধীন যানবাহন হাসপাতালের ভিতরে প্রবেশ বন্ধ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি ২০২৪-২৫ অর্থবছরে রবি মৌসুমে বোরো আবাদের লক্ষ্যমাত্রা হাইব্রিড-২৫০০ হেক্টর,উফশী ১৮৪২০ হেক্টর ও স্থানীয় ১৫ হেক্টর মোট ২০৯৩৫ হেক্টর। লক্ষ্যমাত্রার তুলনায় উৎপাদন বৃদ্ধি হয়েছে। চলতি ২০২৫-২৬ অর্থবছরে খরিপ-১ মৌসুমে আউশ ধান ৩৪২০ জন কৃষককে প্রনোদনা দেওয়া হয়েছে। রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি যাচাইকরত: উপজেলা কৃষি অফিসের পক্ষ থেকে সার্বক্ষনিক মনিটরিং করা হচ্ছে। মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি অফিসারগন রোস্টার ভিত্তিক সার্বক্ষনিক মনিটরিং করে যাচ্ছেন। গত মার্চ/২০২৫ মাসের তুলনায় এপ্রিল/২০২৫ খ্রি: রাসায়নিক সারের মজুদ ইউরিয়া-২৮৯ মে:টন, টিএসপি-৫২,ডিএপি-৯২ ও এমওপি-১৪০ মে:টন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। নিয়মিত উপজেলা সার বীজ মনিটরিং কমিটির সভার আয়োজন করতে হবে।<br>২। রাসায়নিক সার মজুদ, বিতরণ পরিস্থিতি পর্যবেক্ষনের জন্য ইউনিয়ন পরিষদ প্রশাসকদের অন্তর্ভুক্ত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও |
| ০৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ১ম ও ২য় কিস্তিতে কাবিটা =২২১৪০৫৩/- টাকা দিয়ে ৯১ টি প্রকল্প, কাবিখা খাদ্য শস্য (গম) ১৫৮.০০ মে.টন দিয়ে ২২টি, কাবিখা খাদ্য শস্য (চাল) ১৫৮.০০ মে.টন দিয়ে ২১টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। টিআর ১৯৮০০০০০/- টাকা দিয়ে ১২২টি প্রকল্প চলমান আছে। কাবিটা ১১০৬৪১৩৬/- টাকা, কাবিখা (চাল) ৬৩.২৪৬ মে.টন কাবিখা (গম) ও টিআর ৯৯,৩৬,৭২০/- টাকা বরাদ্দ দিয়ে প্রকল্প প্রস্তুতের জন্য প্রশাসকগণের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। এইচবিবি হেরিন বোন্ড ১কিমি কাজ চলমান আছে। টিন ক্রয়ের জন্য (৩০০০০০+৩০০০০০)=৬০০০০০/-টাকা বরাদ্দ দেয়া হয়েছে। কর্মসংস্থান কর্মসূচির উপকার ভোগী হালনাগাদের জন্য প্রশাসকদের পত্র দেয়া হয়েছে। এছাড়া মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাসের ৩৫টি ঘরের (৬টি লট) দরপত্র আহ্বান করা হয়েছে। এছাড়াও এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কাজের গুনগত মান ঠিক রেখে তা দ্রুত সময়ে বাস্তবায়ন ও নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

CamScanner

